

# Prime Minister to inaugurate 'Maitri Setu' between India and Bangladesh

March 07, 2021

## প্রধানমন্ত্রী আগামী ৯ মার্চ ভারত ও বাংলাদেশের মধ্যে 'মৈত্রী সেতু'র উদ্বোধন করবেন

মার্চ 07, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগামী ৯ মার্চ দুপুর ১২টায় ভারত-বাংলাদেশের মধ্যে 'মৈত্রী সেতু'র উদ্বোধন করবেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ত্রিপুরার একাধিক পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

'মৈত্রী সেতু'টি ফেনীর ওপর নির্মিত হয়েছে। এই নদীটি ভারতের ত্রিপুরা সীমান্ত এবং বাংলাদেশের মধ্যে প্রবাহিত হয়। 'মৈত্রী সেতু' নামটি ভারত ও বাংলাদেশের মধ্যে ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতীক। এই সেতুটি তৈরি করেছে জাতীয় মহাসড়ক এবং পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেড। এই প্রকল্পের জন্য খরচ হয়েছে ১৩৩ কোটি টাকা। ১.৯ কিলোমিটার দীর্ঘ সেতুটি ভারতের সাবরুমের সঙ্গে বাংলাদেশের রামগড়কে যুক্ত করেছে। এই সেতু উদ্বোধনের ফলে ভারত এবং বাংলাদেশের মধ্যে বাণিজ্য ও সাধারণ মানুষের যাতায়াতের ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা হবে। এই সেতু উদ্বোধনের সঙ্গে ত্রিপুরার সাবরুম থেকে মাত্র ৮০ কিলোমিটার দূরের বাংলাদেশের চট্টগ্রাম বন্দরের সঙ্গে যোগাযোগ গড়ে ওঠার পাশাপাশি 'উত্তর পূর্বের প্রবেশ দ্বার' হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী সাবরুমে সুসংহত চেক পোস্ট তৈরির জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এটি দুই দেশের মধ্যে পণ্য ও যাত্রী চলাচল সহজ করে তুলবে। এমনকি উত্তর পূর্বের রাজ্যগুলির উৎপাদিত পণ্য সামগ্রির জন্য নতুন বাজারের সুযোগ তৈরি হবে এবং ভারত ও বাংলাদেশের মধ্যে নির্বিঘ্নে যাত্রী চলাচল ক্ষেত্রে সহায়তা দান করবে। এই প্রকল্পের দায়িত্বে রয়েছে ভারতের স্থল বন্দর কর্তৃপক্ষ। এর জন্য ব্যয় হচ্ছে ২৩২ কোটি টাকা।

প্রধানমন্ত্রী কৈলাশাহারে উনাকোটি জেলা সদরের সঙ্গে সংযুক্তকারী ২০৮ নম্বর জাতীয় সড়কের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এটি ৪৪ নম্বর জাতীয় সড়কের বিকল্প রাস্তা হিসেবে গড়ে তোলা হবে। ৮০ কিলোমিটার দীর্ঘ ২০৮ নম্বর জাতীয় সড়ক প্রকল্পের দায়িত্বে রয়েছে জাতীয় মহাসড়ক ও পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেড। এই প্রকল্পের জন্য খরচ হবে ১০৭৮ কোটি টাকা।

প্রধানমন্ত্রী রাজ্য মহাসড়ক এবং অন্যান্য জেলা সড়ক, রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করবেন। এর জন্য খরচ রয়েছে ৬৩.৭৫ কোটি টাকা।

প্রধানমন্ত্রী ওই দিনই 'প্রধানমন্ত্রী আবাস যোজনা (নগর)' এর আওতায় নির্মিত ৪০৯৭৮টি বাড়ির উদ্বোধন করবেন। এর জন্য খরচ রয়েছে প্রায় ৮১৩ কোটি টাকা। তিনি আগরতলা স্মার্ট সিটি মিশনের আওতায় নির্মিত ইন্ড্রিগ্রেটেড কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টারের উদ্বোধন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী ওল্ড মোটর স্ট্যান্ডে মাল্টি লেভেল কার পার্কিং ও বাণিজ্যিক কমপ্লেক্সের উন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই উন্নয়নের জন্য ২০০ কোটি টাকা বিনিয়োগ করা হবে। তিনি লিচু বাগান থেকে বিমানবন্দর পর্যন্ত দুই লেন বিশিষ্ট সড়ক পথকে চার লেন বিশিষ্ট সড়কে প্রশস্ত করার জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। আগরতলা স্মার্ট সিটি মিশন প্রায় ৯৬ কোটি টাকা ব্যয়ে এই প্রকল্পটি বাস্তবায়িত করবে।

**নিউ দিল্লি**

**মার্চ ০৭, ২০২১**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.